

পার্টিশন ও মুক্তিযুদ্ধ বিষয়ক যৌথ গবেষণা প্রকল্প

সেন্টার ফর ল্যাপ্সয়েজ, ট্রান্সলেশন এন্ড কালচারাল স্টাডিজ
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়, কলকাতা, ভারত

ও

ইংরেজি ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা, বাংলাদেশ

গবেষণা প্রকল্পটির অধীনে উপাদান সংগ্রহ, বিন্যাস ও সংরক্ষণের জন্য আগ্রহী ছাত্রছাত্রী, গবেষক, শিক্ষকদের কাছ থেকে আবেদন পত্র চাওয়া হচ্ছে। গবেষণা প্রকল্পটি পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের সুনির্দিষ্ট অঞ্চলে পূর্বনির্ধারিত পরিকল্পনা অনুযায়ী গবেষণামূলক অনুসন্ধান করবে। ১৯৪৭এর স্বাধীনতা-পার্টিশন পরবর্তী পশ্চিমবঙ্গ এবং ১৯৭১'র মুক্তিযুদ্ধ-স্বাধীন বাংলাদেশ উদ্ভবের সময়পর্ব এই প্রকল্পের অন্তর্গত। সাধারণ ও প্রান্তিক মানুষের স্মৃতির আখ্যান, সাহিত্য, ব্যক্তিগত লেখালিখি, চিঠিপত্র, ডায়েরি, স্মারক ইত্যাদি সংরক্ষণ ও বিশ্লেষণের মধ্যে দিয়ে এই গবেষণা প্রকল্প তার লক্ষ্যে পৌঁছবে।

গবেষণাভুক্ত ক্ষেত্র-সমীক্ষার এলাকা:

পশ্চিমবঙ্গ: কলিকাতা, উত্তর ২৪পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ
বাংলাদেশ: সাতক্ষীরা, খুলনা, যশোর [ঝিনাইদহ, মেহেরপুর, চুয়াডাঙ্গা ???]

ক্ষেত্র সমীক্ষার /নমুনা সংগ্রহ পর্ব:

প্রতিটি পর্যায়ে ৫জনের সমীক্ষক দল প্রস্তুত করা হবে। এই দলের গ্রুপ-লিডার হবেন একজন এসিস্ট্যান্ট প্রফেসর; যাঁকে মনোনীত করবেন প্রকল্প অধিকর্তারা। এই গ্রুপ লিডার নির্দিষ্ট সময় অন্তর প্রকল্প অধিকর্তাদের সঙ্গে যোগাযোগ রাখবেন ও সংগৃহিত অডিও-ভিডিও টেপ এবং অন্যান্য উপাদানের ডিজিটাল কপি প্রেরণ করবেন। প্রথম পর্বে জেলা / ডিভিশন অনুযায়ী সমীক্ষকের দল প্রস্তুতি চূড়ান্ত হবে। তারপর প্রতি গ্রুপের গ্রুপ-লিডার মনোনয়নের কাজ সম্পন্ন হবে। এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রয়োজনে সাফাৎকার নেওয়া যেতে পারে।

ক্ষেত্র-সমীক্ষার জন্য প্রকল্প নির্ধারিত ন্যূনতম সাম্মানিক সমীক্ষক পাবেন। রেকর্ডিং ও কম্পিউটার প্রসেসিং এর জন্য প্রতিষ্ঠানের দপ্তরে সাহায্য উপলব্ধ হবে।

- কোনো স্থায়ী গবেষণা-বৃত্তি এই প্রকল্পের অধীনে প্রদান করা হবে না।
- সংগৃহিত উপাদানের শুধুমাত্র 'ডিজিট্যাল ফর্ম্যাট'টি প্রদানকারীর অনুমতি সাপেক্ষে প্রকল্প গ্রহণ করবে। এই সংগৃহিত উপাদান প্রকল্পের ডিজিট্যাল সংগ্রহশালায় সংগ্রাহকের নামে উপস্থাপিত হবে।

সমীক্ষক কর্মশালা:

প্রয়োজনীয় সমীক্ষক দল তৈরি হয়ে গেলে কর্মশালা আয়োজন করে তাদের গবেষণা প্রকল্প সম্পর্কে বিস্তারিত জ্ঞাতব্য জানানো হবে। কীভাবে নমুনা সংগ্রহের কাজ করতে হবে এবং প্রকল্প তাঁদের কাছ থেকে কী চাইছে সে বিষয়েও জানানো হবে। কর্মশালার প্রচার যথাযথ গুরুত্ব দিয়ে করা প্রকল্পের দায়িত্ব। প্রকল্পটি পূর্ব-নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী কর্মশালাগুলির দিন সুনির্দিষ্ট করবে। কর্মশালার ঠিক পূর্বে এক/দুই দিবসীয় একটি আন্তর্জাতিক আলোচনাচক্র আয়োজনের প্রচেষ্টা থাকবে।

প্রথম পর্বের কর্মশালা ও আলোচনাচক্রের প্রস্তাবিত সূচি:

খুলনা বিশ্ববিদ্যালয়: ডিসেম্বর তৃতীয় সপ্তাহ থেকে জানুয়ারি দ্বিতীয় সপ্তাহের মধ্যে
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়: জানুয়ারি চতুর্থ সপ্তাহ থেকে ফেব্রুয়ারি দ্বিতীয় সপ্তাহের মধ্যে।

সমীক্ষকের যোগ্যতামান:

স্নাতকোত্তর ডিগ্রি (পাঠরত), সাবলীল বাংলা/ইংরাজি লিখতে পারার ক্ষমতা, ই-মেল-ফেসবুক-হোয়াটসএপ-এন্ড্রয়েড মোবাইলের ব্যবহার সম্পর্কে জ্ঞান, মাইক্রোসফট ওয়ার্ড(অফিস), এক্সেল ইত্যাদি বিষয়ে পারদর্শীতা

ট্রান্সক্রিপশন (বাংলা থেকে ইংরাজি), অনুলিখন(বাংলা থেকে বাংলা)

আগ্রহী সমীক্ষকদের নিম্নলিখিত নিদর্শ পূরণ করে জমা দিতে হবে। পূরণ করা ফর্মটি ই-মেল অথবা হোয়াটসএপ এও গৃহিত হবে।

প্রয়োজনীয় নিদর্শের বয়ান সংযুক্ত করা হ'ল।

সমীক্ষক নিদর্শ

[Performa to be filled in by the Researcher and mail to

cltcs.nsou@gmail.com]

নাম:

যোগাযোগের ঠিকানা:

ফোন নম্বর:

লিঙ্গ:

শিক্ষাগত যোগ্যতা:

ই-মেল:

বয়স:

Exam / Board	Subjects	Division	Remarks

পারিবারিক বিবরণ: (পরিবারের সদস্যসংখ্যা, প্রধান জীবিকা/ বৃত্তি ইত্যাদি)

পরিবারে জীবিত সবচেয়ে বয়স্ক মানুষটি কে? তার বয়স কত?

- দেশভাগ / মুক্তিযুদ্ধ বিষয়ক গল্প-কাহিনী আপনি শুনেছেন কি না; শুনলে আপনার সেগুলি কেমন লেগেছে? এমন যে-কোনো একজন(সুনির্দিষ্ট নাম-ঠিকানা উল্লেখসহ) থেকে শোনা কাহিনী-সংলাপ সংক্ষেপে লিখুন(৩০০শব্দে)

- পার্টিশন / দেশভাগ / মুক্তিযুদ্ধ / উদ্বাস্তু বিষয়ক কোন কোন গ্রন্থ পড়েছেন অথবা চলচ্চিত্র / নাটক আপনি দেখেছে তার তালিকা দিন। (পৃথক পৃষ্ঠা সংযুক্ত করুন)
- বাংলার পার্টিশন বিষয়ে আপনি কীভাবে অবহিত হয়েছেন? এবিষয় জানতে আপনি আগ্রহী কেন? (২০০শব্দে) (পৃথক পৃষ্ঠা সংযুক্ত করুন)
- বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও বাঙালি জাতি-রাষ্ট্র উদ্ভবের ঐতিহাসিক গুরুত্ব কী? (২০০শব্দে) (পৃথক পৃষ্ঠা সংযুক্ত করুন)
- আপনি কম্পিউটারে ওয়ার্ড ফাইল (MS Word) প্রস্তুত করতে পারেন? হ্যাঁ / না
- আপনি 'মাইক্রোসফট-এক্সেল' (Word Excel) এর কাজ জানেন? হ্যাঁ / না
- কম্পিউটারে বাংলা টাইপ করতে সক্ষম? হ্যাঁ / না
- আপনি এন্ড্রয়েড মোবাইল / স্মার্ট-ফোন ব্যবহার করেন? হ্যাঁ / না

স্বাক্ষর:

তারিখ:

সংযুক্তি (Attachments) তালিকা:

[নিদর্শটি পূরণ করে স্ক্যান করে ই-মেল করবেন cltcs.nsou@gmail.com ঠিকানায় অথবা সংশ্লিষ্ট বিভাগে মুখ বন্ধ খামে জমা দিতে হবে। খামের ওপর প্রকল্প শিরোনাম দেওয়া আবশ্যিক]